গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৬৭.২৫- ১০৬ তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩২ / ০৫ মার্চ ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ প্রভাত চন্দ্র ঢালী (সিআইডি ৯০২৩২৩৪৩৭৪), মেডিকেল অফিসার, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকায় সংযুক্ত (সাবেক মেডিকেল অফিসার, পুলিশ ট্রেনিং সেন্টার, খুলনা) গত ১৪.১১.২০২৪ তারিখে তার স্ত্রী জনাব প্রমা মল্লিককে ডিভোর্স নোটিশ দেয়ার পর নিয়ম বহির্ভূতভাবে জুলাই/২০২৫ পর্যন্ত ০২ (দুই) সদস্যের পারিবারিক রেশন উত্তোলন করেন। তার বিরুদ্ধে জনাব প্রমা মল্লিকের পিতা জনাব পরিমল মল্লিক বাদী হয়ে মুন্সিগঞ্জ জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৬ নং আমলী আদালতে সিআর মামলা নং-১৭৬/২০২৪, ধারা-২০১৮ সালের যৌতুক নিরোধ আইনের ৩ ধারায় নালিশী দরখাস্ত দায়ের করেন। উক্ত মামলায় তিনি ১২.১.২০২৫ তারিখ বিজ্ঞ আদালতে স্বেচ্ছায় আত্মসমর্পণ করে জামিন লাভ করলেও বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত না করে গোপন রাখেন। সে পরিপ্রেক্ষিতে গত ১৬.১১.২০২৫ তারিখে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৬৭/২০২৫ রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০২.১২.২০২৬ তারিখ অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তার আবেদেনের পরিপ্রেক্ষিতে ০৪.০৩.২০২৫ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য/রাষ্ট্রপক্ষের বক্তব্য এবং আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, তিনি জুলাই/২০২৫ পর্যন্ত ০২ (দুই) সদস্যের পারিবারিক রেশন অতিরিক্ত উত্তোলন করলেও পরবর্তী আগস্ট/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত সময়ে তিনি কোনো রেশন উত্তোলন না করে তা সমন্বয় করেন। তাছাড়া, অভিযুক্তের বিরুদ্ধে দায়েরকৃত সিআর মামলা নং-১৭৬/২০২৪ এর দায় হতে গত ২৮.০১.২০২৬ তারিখে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, মুন্সীগঞ্জ কর্তৃক তাকে অব্যাহতি প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অজ্ঞতাবশত: অতিরিক্ত পারিবারিক রেশন উত্তোলন করেছেন মর্মে স্বীকার করেন এবং ১২.১.২০২৫ তারিখ বিজ্ঞ আদালতে স্বেচ্ছায় আত্মসমর্পণ করে জামিন লাভ করলেও বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত না করে গোপন রাখেন, যা শৃঙ্খলা পরিপন্থি। এহেন কর্মকাণ্ডের জন্য অভিযুক্তকে লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, ডাঃ প্রভাত চন্দ্র ঢালী (সিআইডি ৯০২৩২৩৪৩৭৪), মেডিকেল অফিসার, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকায় সংযুক্ত (সাবেক মেডিকেল অফিসার, পুলিশ ট্রেনিং সেন্টার, খুলনা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(ক) বিধি মোতাবেক তাকে "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৬৭.২৫ - ১০৬ তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩২ / ০৫ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
২। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩। উপসচিব, মেডিকেল-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। ডাঃ প্রভাত চন্দ্র ঢালী (সিআইডি ৯০২৩২৩৪৩৭৪), মেডিকেল অফিসার, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। অফিস কপি/মাস্টার কপি।

০৫-৩-২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব